



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইল: berc2003@gmail.com, ফ্যাক্স: ৫৫০১৩৫১৮

ওয়েব সাইট: www.berc.org.bd

নম্বর: ২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.১০৬৯


তারিখ: ২৪ মার্চ ২০২০

প্রেস রিলিজ

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) এবং ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে কমিশন বিগত ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বিদ্যুতের খুচরা মূল্যহার পুনঃনির্ধারণ করে আদেশ জারি করে। একই সাথে উক্ত আদেশ মোতাবেক কমিশনের স্মারক নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.৬৫৩; তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০ এর মাধ্যমে খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২০ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। উক্ত প্রজ্ঞাপনের অনুষঙ্গ ১(ক) এ 'সকল গ্রাহকশ্রেণির ক্ষেত্রে বিদ্যমান ৫% (পাঁচ শতাংশ) হারে এককালীন বিলম্ব-পরিশোধ মাশুল প্রযোজ্য হবে' মর্মে উল্লেখ করা হয়।

২। বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহ গ্রাহক পর্যায়ে বিদ্যুৎ সরবরাহ করে থাকে। গ্রাহকগণ বিভিন্ন ব্যাংক এবং মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সরবরাহকৃত বিদ্যুৎ বিল পরিশোধ করে থাকেন। বর্তমানে নোভেল করোনা ভাইরাসের (COVID-19) সংক্রমণ এড়াতে অধিকাংশ বিদ্যুৎ গ্রাহক জরুরি প্রয়োজন ছাড়া বাসা-বাড়ি থেকে বের হচ্ছেন না। এর পরিপ্রেক্ষিতে ফেব্রুয়ারি, মার্চ ও এপ্রিল ২০২০ মাসে অনেক গ্রাহকই নির্ধারিত সময়ের মধ্যে বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারবেন না মর্মে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহ হতে জানানো হয়েছে। এ অবস্থার পরিপ্রেক্ষিতে শুধুমাত্র আবাসিক গ্রাহকগণের ক্ষেত্রে ফেব্রুয়ারি, মার্চ ও এপ্রিল ২০২০ মাসের বিদ্যুৎ বিল সারচার্জ বা বিলম্ব মাশুল ব্যতিরেকে পরিশোধের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিদ্যুৎ বিভাগ এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহ কর্তৃক কমিশন বরাবর যথাক্রমে অনুরোধ এবং আবেদন জানানো হয়েছে।

৩। বর্ণিতাবস্থায়, শুধুমাত্র আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি-এ এবং এমটি-১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ এর বিদ্যুৎ বিলসমূহ পরিশোধে বিলম্ব-পরিশোধ মাশুল (Late Payment Surcharge) প্রযোজ্য হবে না মর্মে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আদেশ প্রদান করেছে (প্রজ্ঞাপন সংযুক্ত)।



মো: রফিকুল ইসলাম
সচিব

ফোন: ৯১৪ ০১২৫



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.১০৬৮

তারিখ: ১০ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বর্তমানে নোভেল করোনা ভাইরাসের (COVID-19) সংক্রমণ এড়াতে অধিকাংশ বিদ্যুৎ গ্রাহক জরুরি প্রয়োজন ছাড়া বাসা-বাড়ি থেকে বের হচ্ছেন না। এর পরিপ্রেক্ষিতে ফেব্রুয়ারি, মার্চ ও এপ্রিল ২০২০ মাসে অনেক গ্রাহকই নির্ধারিত সময়ের মধ্যে বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারবেন না মর্মে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহ হতে জানানো হয়েছে। এ অবস্থার পরিপ্রেক্ষিতে শুধুমাত্র আবাসিক গ্রাহকগণের ক্ষেত্রে ফেব্রুয়ারি, মার্চ ও এপ্রিল ২০২০ মাসের বিদ্যুৎ বিল সারচার্জ বা বিলম্ব মাসুল ব্যতিরেকে পরিশোধের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিদ্যুৎ বিভাগ এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহ কর্তৃক কমিশন বরাবর যথাক্রমে অনুরোধ এবং আবেদন জানানো হয়েছে।

২। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে খুচরা বিদ্যুৎ মূল্যহার সংক্রান্ত কমিশনের ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখের আদেশসমূহ মোতাবেক কমিশনের স্মারক নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.৬৫৩; তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০ এর মাধ্যমে জারিকৃত খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২০ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত প্রজ্ঞাপনের অনুল্লেখ ১(ক) এ উল্লিখিত বিলম্ব-পরিশোধ মাসুল (Late Payment Surcharge) শুধুমাত্র আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি-এ এবং এমটি-১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ এর বিদ্যুৎ বিলসমূহ পরিশোধে প্রযোজ্য (বিলম্ব-পরিশোধ মাসুল) হবে না।

৩। খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২০ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত উল্লিখিত প্রজ্ঞাপনের অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৪। কমিশনের এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

কমিশনের আদেশক্রমে,

২৪.৩.২০২০

মো: রফিকুল ইসলাম

সচিব

ফোন: ৯১৪ ০১২৫